

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১৬.০১৬.২০১৫- ৮৩৬

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৩
১৬ জুলাই, ২০১৬

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মোঃ আবুল হোসাইন, ভাইস চেয়ারম্যান, শাহরাস্তি উপজেলা পরিষদ ও আরবী প্রভাষক, ভোলদিঘী কামিল মাদ্রাসা, শাহরাস্তি, চাঁদপুর কর্তৃক দু'টি পদে অধিষ্ঠিত থাকার বিষয়টি প্রমাণিত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ০৪/১১/২০১৫ এবং ২৯/১২/২০১৫ তারিখে জারীকৃত কারণ দর্শানো নোটিশের পরিশ্রুতিতে তাঁর ০৭/১২/২০১৫ এবং ২৯/০২/২০১৬ তারিখে দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ডে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ৮(২) (ঙ) ধারা লংঘনের দায়ে তাঁকে অভিযুক্ত করা হয়েছে, সেহেতু, সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ৮ (২) (ঙ) ধারা লংঘনের অভিযোগে ১৩(১)(ঙ) ধারা অনুযায়ী একই আইনের ১৩(২) ধারার ক্ষমতাবলে শাহরাস্তি উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবুল হোসাইনকে শাহরাস্তি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(লুৎফুন নাহার)
২৬/৭/১৬

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩


e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১৬.০১৬.২০১৫- ৮৩৬ /১(১৩)

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৩
১৬ জুলাই, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, চাঁদপুর।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), শাহরাস্তি উপজেলা পরিষদ, চাঁদপুর।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁদপুর/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শাহরাস্তি উপজেলা পরিষদ, চাঁদপুর।
১২. জনাব মোঃ আবুল হোসাইন, ভাইস চেয়ারম্যান, শাহরাস্তি উপজেলা পরিষদ, চাঁদপুর।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার)
২৬/৭/১৬

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০